গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
শ্রীবরদী, শেরপুর।

সভাপতি ঃ জনাব মোছা. জাহানারা বেগম, ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, শেরপুর।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ 'ঝোমেশ্বরী'।
সভার তারিখ ঃ ২৩/১১/২০২১ খ্রিঃ।
সময় ঃ বেলা ১০:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের হাজিরা পরিশিষ্ঠ "ক" তে দেখানো হলোঃ

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতপরঃ বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। সভাপতি মহোদয় অদ্যকার সভার সদস্য সচিব, উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, শ্রীবরদী, শেরপুরকে তাঁর দাপ্তরিক কাজকর্ম বর্ননা করার জন্য অনুরোধ করেন।

সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১ | সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), শ্রীবরদী, সভায় জানান যে, ৩২ টি পৌরসভায় পানি সরবরাহ ও মানববর্জ্য ব্যবস্থাপনাসহ এনভায়রনমেন্টাল স্যানিটেশন প্রকল্পের আওতায় শ্রীবরদী পৌরসভায় ২৬০০ মিটার আরসিসি ড্রেন, ১৮.৪৮ কিমি বিভিন্ন ব্যাসের পাইপ লাইন, ৫টি পাবলিক টয়লেট, ১৪টি কমিউনিটি টয়লেট এর কাজ ৯০% সম্পন্ন হয়েছে। জিপিএস, এনএনজিপিএস পিইডিপি-৪ প্রকল্পের আওতায় বিভিন্ন সরকারী প্রাথমিক বিদ্যালয়ে দ্বি-তল বিশিষ্ট ওয়াশব্লক এর কাজ চলমান রয়েছে। ২০২১-২২ অর্থ বছরের সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় বিভিন্ন ব্যাসের গভীর নলকূপের বরাদ্দ শ্রীঘ্রই পাওয়া যাবে। রাজস্ব প্রকল্পের আওতায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের জন্য একটি ভবণ বরাদ্দ পাওয়া গেছে। নতুন ভবণ স্থাপনের জায়গায় ছোট ও মাঝারি সাইজের ৪ টি মেহগনি গাছ রয়েছে। নতুন ভবণ নির্মাণের জন্য গাছগুলো কাটা প্রয়োজন। তিনি গাছগুলো কাটার ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। এছাড়া অফিসের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোছা. জাহানারা বেগম
ভাইস চেয়ারম্যান (মহিলা)
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি
সরবরাহ বিষয়ক স্থায়ী কমিটি
শ্রীবরদী, শেরপুর।

স্মারক নং- ২৬৪
তারিখঃ ২৩.১১.২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতির জন্য প্রেরণ করা হলো।
১। জেলা প্রশাসক, শেরপুর।
২। উপপরিচালক, স্থানীয় সরকার, শেরপুর।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীবরদী, শেরপুর।
৪। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীবরদী, শেরপুর।
৫। চেয়ারম্যান.............................................ইউপি ও সদস্য, উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক স্থায়ী কমিটি শ্রীবরদী, শেরপুর।

মো. মনিরুজ্জামান
উপসহকারী প্রকৌশলী

Scanned with CamScanner